



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাও-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০২(অংশ-২)- ৬২

তারিখ: ২৭ মার্চ ১৪২৮ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

সাধারণ আবেদনে জেলা ও উপজেলা থেকে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎসাজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। জলমহাল ইজারা জমা অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পল্লিকার (Calendar Year) মধো নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের উর্ধ্বে বহু সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ১৫ ফাল্গুনের মধো	অনলাইনে আবেদন দাখিল।
২.	১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধো	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল।
৩.	২৫ ফাল্গুনের মধো	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাহাই।
৪.	৩০ ফাল্গুনের মধো	জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৫.	০৫ চৈত্রের মধো	ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন।
৬.	১০ চৈত্রের মধো	জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	১৫ চৈত্রের মধো	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান।
৮.	২৫ চৈত্রের মধো	ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বহু জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ১৫ ফাল্গুনের মধো	অনলাইনে আবেদন দাখিল।
২.	১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধো	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৩.	২৫ ফাল্গুনের মধো	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাহাই।
৪.	৩০ ফাল্গুনের মধো	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন।
৫.	০৫ চৈত্রের মধো	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৬.	১০ চৈত্রের মধো	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	১৫ চৈত্রের মধো	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান।
৮.	২৫ চৈত্রের মধো	ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

২। বর্ণিত সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২০/২/২২
মোঃ মোস্তাফিজুর রহমান পিএ
সচিব
ভূমি মন্ত্রণালয়।